## কুমিল্লা বোর্ড-২০১৫

### বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | ১ | ৫ | ০ |

### সৃজনশীল প্রশ্ন

সময়-২ ঘণ্টা ২০ মিনিট; মান: ৬০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**প্রশ্ন-১.** নবাবপুর ইউনিয়নে দীর্ঘদিন ধরে রহমত আলী চেয়ারম্যান হিসেবে আছেন। কোনোভাবেই নির্বাচন হতে দেন না। এবার সব বাধা পার করে এলাকার লোকজন নির্বাচনের ব্যবস্থা করেন। নির্বাচনে উক্ত চেয়ারম্যানকে পরাজিত করতে কয়েকটি দল একত্রিত হয়ে একজনকে মনোনয়ন দেয় এবং মনোনীত ব্যক্তি জিতলেও কিছুদিন পর কর্তৃপক্ষ উক্ত নির্বাচন বাতিল করে।

ক. কার নেতৃত্বে গণআজাদী লীগ গঠিত হয়? ১

খ. পূর্ব পাকিস্তান ও পশ্চিম পাকিস্তানের মধ্যে শিক্ষাক্ষেত্রে যে বৈষম্য ছিল তার বিবরণ দাও। ২

গ. উদ্দীপকে উল্লিখিত নির্বাচন তোমার পাঠ্যবইয়ের কোন নির্বাচনের ইঙ্গিত বহন করছে? তা ব্যাখ্যা কর। ৩

ঘ. 'উল্লিখিত রহমত আলীর মত শাসকগোষ্ঠী বেশিদিন ক্ষমতায় টিকে থাকতে পারে না'—উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

**প্রশ্ন-২.** বনি এবং জনি দুজন চাচাতো ভাই একই বাড়িতে বসবাস এবং একই শ্রেণিতে পড়ালেখা করে। বনি সবার সাথে সুন্দর আচরণ করে। পড়ালেখা ভালো করে এবং সে নম্র ও ভদ্র। পক্ষান্তরে জনি ঠিক তার উল্টা। এমনকি বাবা-মায়ের সাথেও ভালো আচরণ করে না। তাছাড়া সব সময় একটা উচ্ছৃঙ্খল আচরণ বা উগ্রতা তার মধ্যে পরিলক্ষিত হয়। বনি মনে মনে ভাবে জনি তো কোনো বাজে ছেলেদের সাথে মেশে না, তাহলে দিন দিন অন্যরকম হয়ে যাচ্ছে কেন?

ক. মানুষের সৃষ্টি করা উপাদানসমূহ নিয়ে কোন পরিবেশ গঠিত? ১

খ. সামাজিকীকরণে সহপাঠীর ভূমিকা বর্ণনা কর। ২

গ. বনি এবং জনির মধ্যকার আচরণের পার্থক্যের কারণ কী? তা ব্যাখ্যা কর। ৩

ঘ. 'জনি'র মতো ছেলেদের 'বনি'র মতো করে গড়ে তুলতে কী ধরনের পদক্ষেপ গ্রহণ করা আবশ্যক বলে তুমি মনে কর? ৪

http://teachingbd.com

প্রশ্ন-৩.




ক. সূর্যের উত্তরায়নের শেষ দিন কত তারিখ? ১

খ. মঙ্গল গ্রহে প্রাণীর অস্তিত্ব থাকা সম্ভব নয় কেন? ২

গ. 'A' চিহ্নিত স্থানে কোন ধরনের জোয়ার হয় বা হতে পারে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "'B' চিহ্নিত স্থানে 'A' চিহ্নিত স্থানের মতো জোয়ার অসম্ভব।'– উক্তিটিতে তোমার মতামত দাও। ৪

**প্রশ্ন-৪.** বর্তমান সময়ে একটি সম্পদের বেশ সংকট তৈরি হয়েছে। সম্পদটি নিয়ে বিশেষ করে ব্যবস্থাপনার বিষয়ে ব্যাপক গবেষণা চলছে। সম্পদটি প্রকৃতিতে তরল ও বায়বীয় অবস্থায় আছে। পরিবেশ নিয়ে যারা চিন্তাভাবনা করছেন, তাদের চিন্তাভাবনায় উক্ত সম্পদটির প্রতি খুবই গুরুত্ব পরিলক্ষিত হচ্ছে।

ক. কোন নদীর গতিপথে বাঁধ দিয়ে জলবিদ্যুৎ উৎপাদন হচ্ছে? ১

খ. বাংলাদেশের ক্রান্তীয় পাতাঝরা বা পত্র পতনশীল অরণ্যের বর্ণনা দাও। ২

গ. উদ্দীপকে কোন সম্পদ ব্যবস্থাপনার কথা বলা হয়েছে? তা ব্যাখ্যা কর। ৩

ঘ. 'উক্ত সম্পদ রক্ষায় সম্পদটির সদ্ব্যবহারই যথেষ্ট'– উক্তিটিতে তোমার মতামত দাও। ৪

**প্রশ্ন-৫.** জমির মিয়া একজন গ্রামের জনপ্রতিনিধি। তার কাজের অন্তর্ভুক্ত বিষয়গুলো হলো দারিদ্র্য বিমোচন, স্যানিটেশন, পানি সরবরাহ, আত্মকর্মসংস্থান ও আর্থ-সামাজিক উন্নয়নমূলক বিভিন্ন কার্যক্রম পরিচালনা করা। বর্তমানে দেখা যাচ্ছে তিনি ঐ সমস্ত কাজের পাশাপাশি সমাজের মারামারি, জমিজমা সংক্রান্ত বিরোধ, মেয়েদের ওপর অবিচার ইত্যাদি বিষয়গুলোর বিচারকার্যও তিনি সম্পন্ন করে থাকেন।

Teachingbd.com

ক. মন্ত্রণালয়ের প্রধান প্রশাসনিক কর্মকর্তা কে? ১

খ. স্থানীয় স্বায়ত্তশাসন বলতে কী বোঝায়? ২

গ. উল্লিখিত জমির মিয়া কোন প্রতিষ্ঠানের প্রতিনিধিত্ব করছেন? সেটি সম্পর্কে ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত প্রতিনিধির বর্তমানে করা কাজের নিরপেক্ষতা সম্পর্কে তোমার ধারণা ব্যক্ত কর। ৪

**প্রশ্ন-৬.** 'ক' ও 'খ' পাশাপাশি দুটি রাষ্ট্র। 'ক' রাষ্ট্রের জনগণ যার যার ইচ্ছামত কাজ করে। উৎপাদন ও ভোগের ক্ষেত্রে তারা স্বাধীন। এসব ব্যাপারে রাষ্ট্র কোনো ধরনের হস্তক্ষেপ করে না। কিন্তু 'খ' রাষ্ট্রে এর ঠিক বিপরীত অবস্থা বিদ্যমান।

ক. উপযোগ কী? ১

খ. ইসলামি অর্থনৈতিক ব্যবস্থা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে 'খ' রাষ্ট্রে কোন ধরনের অর্থনৈতিক অবস্থা বিদ্যমান? তার ব্যাখ্যা দাও। ৩

ঘ. 'ক' এবং 'খ' রাষ্ট্রের মধ্যকার অর্থনৈতিক ব্যবস্থার মধ্যে কোনটি দেশের অর্থনৈতিক উন্নয়নে কার্যকর বলে তুমি মনে কর? ব্যাখ্যা কর। ৪

**প্রশ্ন-৭.** জরিনার স্বামীর সঙ্গে বনিবনা না হওয়ায় সন্তানটিকে নিয়ে সে বাবার বাড়িতে চলে আসে। এখানে এসে সে স্থানীয় একটি প্রতিষ্ঠান থেকে সেলাইয়ের কাজের ওপর প্রশিক্ষণ নেয়। পরবর্তীতে সে একটি সেলাই মেশিন ক্রয়ের জন্য ঋণ নেওয়ার কথা বাবা, ভাইকে বললে, তারা বলে নিজস্ব বা নিজের নামে কোনো জমি বা সম্পদ না থাকলে কোনো ঋণ পাওয়া যায় না। শেষে একটি প্রতিষ্ঠান কোনো কিছু জামানত না রেখে তাকে ঋণ দেওয়ায় সে একটি সেলাই মেশিন ক্রয় করে।

ক. ব্যাংক কীসের ওপর ভিত্তি করে টিকে থাকে? ১

খ. কেন্দ্রীয় ব্যাংককে সর্বশেষ পর্যায়ের ঋণদাতা বলা হয় কেন? ২

Teachingbd.com

গ. জরিনা বেগম কোন ব্যাংক থেকে ঋণ গ্রহণ করলো? তা ব্যাখ্যা কর। ৩

ঘ. হত দরিদ্র, সহায়-সম্বলহীন মানুষের আর্থিক উন্নতিতে উক্ত ব্যাংকের অবদান মূল্যায়ন কর। ৪

**প্রশ্ন-৮.** 'ক' এলাকায় প্রায়শই গোলমাল, ঝগড়া-বিবাদ লেগেই থাকে। এলাকার মানুষের মধ্যে কোনো সদ্ভাব নেই। এগুলো দেখে এ ধরনের কাজ বন্ধ করতে এলাকার কিছু যুবক সম্মিলিতভাবে একটি চেষ্টা করে এবং এলাকার অনেক উন্নয়নমূলক কাজ সম্পাদন করে। বর্তমানে ঐ এলাকাসহ অন্যান্য এলাকায় সংঘটি শান্তির দূত হিসেবে পরিচিত হয়ে উঠেছে।

ক. 'লীগ অব নেশনস' কত সালে সৃষ্টি হয়েছিল? ১

খ. নারীর প্রতি বৈষম্যের ক্ষেত্রে সিডও' সনদের ভূমিকা বর্ণনা কর। ২

গ. 'ক' এলাকায় গঠিত সংঘটি বিশ্বমানের কোন প্রতিষ্ঠানের প্রতিনিধিত্ব করছে? তা ব্যাখ্যা কর। ৩

ঘ. বিশ্বমানের উক্ত সংঘটির কাজের মূল্যায়ন কর। ৪

**প্রশ্ন-৯.** রবিন বেশ কয়েক বছর দেশের বাইরে ছিল। মাস দুয়েক হলো সে দেশে এসেছে। বাড়িতে এসে সে বেশ কিছু শারীরিক অসুবিধা অনুভব করছে। অসুবিধাগুলো হলো শরীরের ওজন কমে যাওয়া, সব সময় শরীরে জ্বর থাকা ও ডাইরিয়া লেগে থাকা, তাছাড়া শুকনা কাশি ও ঘাড়ের ব্যথাও আছে। এমতাবস্থায় পরিবারের লোকজন তাকে ডাক্তারের নিকট নিয়ে গেলে। ডাক্তার তাকে পরীক্ষা নিরীক্ষা না করে ঔষধ দিতে রাজি হলেন না।

ক. বাংলাদেশের শিশু আইনে কত বছরের কম বয়সী প্রত্যেকেই শিশু? ১

খ. সামাজিক মূল্যবোধের ধারণাটি বর্ণনা কর। ২

গ. উদ্দীপকে রবিনের কোন রোগে আক্রান্ত হওয়ার সম্ভাবনা রয়েছে? তা ব্যাখ্যা কর। ৩

ঘ. রবিনের মতো যাতে আর কোনো লোক উক্ত রোগে আক্রান্ত না হয় তার জন্য তোমার পরামর্শ কী? ৪

Teachingbd.com

# বাংলাদেশ ও বিশ্বপরিচয়: বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট   পূর্ণমান — ৪০   বিষয় কোড: ১৫০

১. কত সালে পাকিস্তানের সংবিধানে বাংলা ভাষাকে অন্তর্ভুক্ত করা হয়?
ক ১৯৫৪ খ ১৯৫৬
গ ১৯৫৮ ঘ ১৯৬০

২. পূর্ববাংলার মুক্তিসনদ কোনটি?
ক ভাষা আন্দোলন
খ ১৯৬৯ এর গণ-অভ্যুত্থান
গ ৬ দফা ঘ ২১ দফা

৩. কত হাজার পাকসেনা নিঃশর্তে যৌথ কমান্ডের নিকট আত্মসমর্পণ করে?
ক ৯২ খ ৯৩
গ ৯৪ ঘ ৯৫

৪. বাংলাদেশ সর্বপ্রথম কোন সংস্থার সদস্যপদ লাভ করে?
ক জাতিসংঘ খ খাদ্য ও কৃষি সংস্থা
গ বিশ্বস্বাস্থ্য সংস্থা ঘ ব্রিটিশ কমনওয়েলথ

৫. ভারত কত তারিখে বাংলাদেশকে স্বীকৃতি প্রদান করে?
ক ৬ ডিসেম্বর ১৯৭১ খ ৭ ডিসেম্বর ১৯৭১
গ ৮ ডিসেম্বর ১৯৭১ ঘ ৯ ডিসেম্বর ১৯৭১

নিচের উদ্দীপকটি পড়ে ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও :
রহিমের মায়ের মৃত্যুর পর তার বাবা ২য় বিয়ে করেন। রহিমের সৎমা রহিমের ওপর অত্যাচার চালায়। রহিম ক্লাসে অমনোযোগী থাকে। বন্ধুদের সাথে মেলামেশা করেনা। পরবর্তীতে সে অসুস্থ হয়ে পড়ে।

৬. রহিমের এই পরিণতির জন্য সামাজিকীকরণের কোন মাধ্যমটি দায়ী?
ক বিদ্যালয় খ খেলার সাথি
গ গণমাধ্যম ঘ পরিবার

৭. রহিমকে সুস্থজীবনে ফিরিয়ে আনতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে—
i. শিক্ষক ii. সাংবাদিক
iii. বন্ধু-বান্ধব
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

৮. পৃথিবীর নিকটতম গ্রহ কোনটি?
ক বুধ খ শুক্র
গ মঙ্গল ঘ বৃহস্পতি


৯. ১২°৩০′ দ্রাঘিমার জন্য সময়ের পার্থক্য কত?
ক ৩৯ মিনিট খ ৪৫ মিনিট
গ ৫০ মিনিট ঘ ৫৪ মিনিট

১০. আহ্নিক গতির ফলে—
i. দিবা-রাত্রির হ্রাস-বৃদ্ধি হয়
ii. দিন ও রাত হয়
iii. জোয়ার ও ভাটা হয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

১১. মিম ১০ম শ্রেণির ছাত্রী। সে শিক্ষাসফরে সিলেট জেলায় যায়। মিম এখন ভূমিকম্পের কোন বলয়ে অবস্থিত?
ক প্রথম খ দ্বিতীয়
গ তৃতীয় ঘ চতুর্থ

১২. পৃথিবীর অন্যতম বৃহৎ ব-দ্বীপ কোনটি?
ক শ্রীলংকা খ মায়ানমার
গ অস্ট্রেলিয়া ঘ বাংলাদেশ

নিচের মানচিত্রটি লক্ষ কর এবং ১৩ হতে ১৫ নং প্রশ্নের উত্তর দাও :




১৩. 'A' চিহ্নিত স্থানে প্রবাহিত বাংলাদেশের নদীর নাম কী?
ক সুরমা খ তিস্তা
গ কর্ণফুলী ঘ পদ্মা

১৪. উক্ত নদীর উৎপত্তিস্থল কোথায়?
ক আরাকান পাহাড়
খ তিব্বতের মানস সরোবর
গ হিমালয় পর্বত
ঘ লুসাই পাহাড়

১৫. উক্ত নদীর প্রধান অর্থনৈতিক গুরুত্ব কী?
ক মাছ ধরা খ নৌ চলাচল
গ পানিবিদ্যুৎ কেন্দ্র ঘ কৃষি কাজের জন্য

১৬. আইনের উৎস—
i. বিচার সংক্রান্ত রায়
ii. বিজ্ঞানসম্মত আলোচনা
iii. দুর্নীতিমুক্ত সমাজ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

১৭. রাষ্ট্রের অপরিহার্য তৃতীয় উপাদান কোনটি?
ক সার্বভৌমত্ব খ সরকার
গ জনসমষ্টি ঘ নির্দিষ্ট ভূখণ্ড

১৮. আইনের শাসন কায়েম হয় না, যখন—
i. বিচার বিভাগের স্বাধীনতা থাকে না
ii. গণতান্ত্রিক পরিবেশ সৃষ্টি হয় না
iii. সকলের অধিকার সমভাবে সংরক্ষিত হয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

১৯. কার পরামর্শ ও নির্দেশক্রমে অর্থমন্ত্রী বাজেট প্রণয়ন করেন?
ক রাষ্ট্রপতি খ স্পিকার
গ প্রধানমন্ত্রী ঘ রাজনৈতিক দল


http://teachingbd.com

২০. **প্রধানমন্ত্রীকে নির্বাহী প্রধান বলার কারণ তিনি—**
ক) বাজেট প্রণয়ন ও উপস্থাপন করেন
খ) আইন প্রণয়ন ও পরিবর্তন করেন
গ) প্রতিরক্ষা সংক্রান্ত নেতৃত্ব প্রদান করেন
ঘ) পুরো শাসন ব্যবস্থার নেতৃত্ব প্রদান করেন

২১. **বাংলাদেশের বিচার বিভাগ—**
ক) পরাধীন
খ) স্বতন্ত্র ও স্বাধীন
গ) জাতীয় সংসদের নির্দেশে চলে
ঘ) মন্ত্রিপরিষদের নির্দেশে চলে

২২. **ইউনিয়ন পরিষদ নির্বাচনে মিঃ সেন্টু তার প্রতিদ্বন্দ্বী প্রার্থীর প্রতীক সম্পর্কে মিথ্যা কথা বলে এবং তার কর্মীরা ভোটকেন্দ্র থেকে ব্যালট পেপার ও ব্যালট বাক্স ছিনতাই করে। মিঃ সেন্টুর আচরণ কী ধরনের অপরাধ?**
ক) মালপত্র চুরির অপরাধ
খ) নির্বাচনি আচরণ বিধি লঙ্ঘন
গ) ফৌজদারি অপরাধ
ঘ) দুর্নীতিমূলক অপরাধ

২৩. **গণতন্ত্র সাধারণত কয় পদ্ধতিতে কার্যকর হয়?**
ক) ২ খ) ৩
গ) ৪ ঘ) ৫

২৪. **দুর্নীতি উচ্ছেদ করা সম্ভব—**
i. ব্যাপক কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে
ii. আইনের শাসন প্রতিষ্ঠা করে
iii. সামাজিক আন্দোলন গড়ে তুলে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

২৫. **বর্তমানে বিশ্বের কতটি দেশ জাতিসংঘের সদস্য?**
ক) ১৯২ খ) ১৯৩
গ) ১৯৪ ঘ) ১৯৫

২৬. **কোন দেশের অন্যতম ব্যস্ত সড়কের নাম হয়েছে "বাংলাদেশ সড়ক"?**
ক) শ্রীলংকা খ) কানাডা
গ) আইভরি কোস্ট ঘ) সিয়েরা লিওন

২৭. **ঢাকার রেলপথ কোন ধরনের সম্পদ?**
ক) সামাজিক সম্পদ খ) সমষ্টিগত সম্পদ
গ) আন্তর্জাতিক সম্পদ ঘ) ব্যক্তিগত সম্পদ

২৮. **শাকিল একটি গার্মেন্টস ফ্যাক্টরির মালিক। তার এই ফ্যাক্টরির যন্ত্রপাতি উৎপাদনের কোন ধরনের উপাদান?**
ক) ভূমি খ) শ্রম
গ) মূলধন ঘ) সংগঠন

২৯. **কোন অর্থব্যবস্থায় অর্জিত মুনাফার মালিক রাষ্ট্র?**
ক) ধনতান্ত্রিক খ) সমাজতান্ত্রিক
গ) মিশ্র ঘ) ইসলামি

৩০. **একটি দেশের GDP = ৭,০০০ কোটি ডলার, বিদেশে অবস্থানরত দেশি জনগণের আয় = ৩,০০০ কোটি ডলার এবং দেশে অবস্থানরত বিদেশিদের আয় = ২,৫০০ কোটি ডলার। তাহলে, GNP = কত?**
ক) ৭,৫০০ কোটি ডলার
খ) ৯,৫০০ কোটি ডলার
গ) ১০,০০০ কোটি ডলার
ঘ) ১২,৫০০ কোটি ডলার

৩১. **বাংলাদেশের অর্থনীতির বৈশিষ্ট্য—**
i. কৃষিপ্রধান
ii. শিল্প নির্ভর
iii. প্রাকৃতিক ও মানব সম্পদের অপূর্ণ ব্যবহার
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৩২. **জাপানের মাথাপিছু মোট জাতীয় আয় কত ইউ.এস. ডলার?**
ক) ৭২,১৫০ খ) ৬২,১৫০
গ) ৫২,১৫০ ঘ) ৪২,১৫০

**নিচের উদ্দীপকটি পড়ে ৩৩ ও ৩৪ নং প্রশ্নের উত্তর দাও :**
মিঃ রাতুল একটি শিল্প কারখানা স্থাপন করেন। তিনি ব্যাংকের নিকট তার সম্পত্তি বন্ধক রেখে ঋণ গ্রহণ করেন।

৩৩. **মিঃ রাতুল কোন ব্যাংক থেকে ঋণ নিয়েছেন?**
ক) কেন্দ্রীয় ব্যাংক খ) কৃষি ব্যাংক
গ) গ্রামীণ ব্যাংক ঘ) বাণিজ্যিক ব্যাংক

৩৪. **রাতুলকে ঋণ প্রদানকারী ব্যাংকের কার্যাবলি হলো—**
i. জাতীয় বাজেট প্রণয়নে সাহায্য করা
ii. জনগণের নিকট থেকে আমানত গ্রহণ করা
iii. বিনিময়ের মাধ্যম সৃষ্টি করা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩৫. **কোন ব্যাংক অন্যান্য ব্যাংকের ক্লিয়ারিং হাউজ হিসেবে দায়িত্ব পালন করে?**
ক) কেন্দ্রীয় ব্যাংক খ) বাণিজ্যিক ব্যাংক
গ) কৃষি ব্যাংক ঘ) গ্রামীণ ব্যাংক

৩৬. **সামাজিক পরিবর্তনের অন্যতম উপাদান কোনটি?**
ক) প্রাকৃতিক উপাদান খ) সাংস্কৃতিক উপাদান
গ) জৈবিক উপাদান ঘ) যোগাযোগ

৩৭. **কোনটি শিল্পায়নের ফল?**
ক) নগরায়ণ খ) সংস্কৃতি
গ) শিক্ষা ঘ) প্রযুক্তি

৩৮. **সমাজে নৈরাজ্য সৃষ্টির জন্য দায়ী—**
i. সংস্কৃতি পরিপন্থি কর্মকাণ্ড
ii. অপসংস্কৃতির অনুপ্রবেশ
iii. রাজনৈতিক অস্থিতিশীলতা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৩৯. **ডাম্বেল আমেনাকে এসিড নিক্ষেপ করে। ফলে আমেনার মুখমণ্ডল বিকৃত হয়। এসিড নিক্ষেপের জন্য ডাম্বেলের শাস্তি হতে পারে—**
i. মৃত্যুদণ্ড বা যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড
ii. অনূর্ধ্ব এক লক্ষ টাকার অর্থদণ্ড
iii. সাত বছর সশ্রম কারাদণ্ড
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৪০. **বাংলাদেশে মোট কত বর্গকিলোমিটার স্রোতজ বা গরান বনভূমি রয়েছে?**
ক) ৩,১৯২ খ) ৪,১৯২
গ) ৫,১৯২ ঘ) ৬,১৯২

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | গ | ৩ | খ | ৪ | ঘ | ৫ | ক | ৬ | ঘ | ৭ | গ | ৮ | খ | ৯ | গ | ১০ | খ | ১১ | ক | ১২ | ঘ | ১৩ | গ | ১৪ | ঘ | ১৫ | গ | ১৬ | ক | ১৭ | খ | ১৮ | ক | ১৯ | গ | ২০ | ঘ |
| | ২১ | খ | ২২ | খ | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | খ | ২৬ | গ | ২৭ | খ | ২৮ | গ | ২৯ | খ | ৩০ | ক | ৩১ | গ | ৩২ | ঘ | ৩৩ | ঘ | ৩৪ | গ | ৩৫ | ক | ৩৬ | ঘ | ৩৭ | ক | ৩৮ | ঘ | ৩৯ | ক | ৪০ | ঘ |

http://teachingbd.com